



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৪৩.০১০.১৭- ৮০৬

তারিখঃ ২৬/০৬/২০২২


**বিষয়ঃ** চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার অন্তর্গত মহারাজপুর ও হজরাপুর মৌজাস্থ বিশ্বরোড মোড় সংলগ্ন শাহনেয়ামতুল্লাহ কলেজের উত্তর পার্শ্ব দিয়ে বেলেপুকুরগামী সংযোগ সড়ক নির্মাণ প্রকল্পে জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা হতে প্রাপ্ত পত্র নং-৪৬.৪৩.৭০৩৩.০০২.০২.১২৫.২২-৮১৪; তারিখ: ৩০/০৫/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার অন্তর্গত মহারাজপুর ও হজরাপুর মৌজাস্থ বিশ্বরোড মোড় সংলগ্ন শাহনেয়ামতুল্লাহ কলেজের উত্তর পার্শ্ব দিয়ে বেলেপুকুরগামী সংযোগ সড়ক নির্মাণ কল্পে জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে পৌর-১ শাখার ২৫/০৪/২০২২ তারিখের ৫২২ নং স্মারকে জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর নিকট চাহিত পরিদর্শন প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি। এছাড়া প্রস্তাবিত জমি চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা কর্তৃক অধিগ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত তথ্যাদি প্রয়োজন।

- প্রস্তাবিত ০.৫৭৬৭ (একর) জমি ক্রয়ের আর্থিক সক্ষমতা চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার রয়েছে কিনা;
- প্রস্তাবিত জমি ক্রয় করা হলে পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বেতন/ভাতা পরিশোধে কোন প্রকার আর্থিক সমস্যা হবে কিনা;
- পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বেতন/ভাতা এবং অবসর প্রাপ্ত কোন কর্মকর্তা/ কর্মচারীর আনুতোষিক ও ভবিষ্যত তহবিল পরিশোধ রয়েছে কিনা;
- পৌরসভার বিদ্যুৎ বিল, টেলিফোন বিল পরিশোধ রয়েছে কিনা;
- ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে প্রয়োজনীয় টাকার সংস্থান রাখা হয়েছে কিনা বাজেটের কপি।
- পৌরসভার বিগত তিন বছরের আয়-ব্যয়ের হিসাব;
- প্রস্তাবিত জমি নিয়ে কোন মামলা চলমান রয়েছে কিনা সে সংক্রান্ত তথ্যাদি।
- প্রস্তাবিত জমিতে কোন ধর্মীয় প্রতিষ্ঠান-মসজিদ, মন্দির, কবরস্থান রয়েছে কিনা।

০২। এমতাবস্থায়, উপরোক্ত তথ্যাদি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: আব্দুর রহমান)  
উপসচিব  
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র

চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।

#### অনুলিপিঃ

- ০১। যুগ্ম-সচিব (নঃউঃ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।